



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
www.dhakaeducationboard.gov.bd

পত্র নং : ৫১৮/মাধ্য-পরী/২০০১/৮৭৫

তারিখ : ০৯/০৬/২০১৬

বিষয়: ২০১৫ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) এবং ২০১৬ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৫ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) এবং ২০১৬ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট আগামী ২৬/০৬/২০১৬ তারিখে বিতরণ করা হবে। তিনি নিজে অথবা তাঁর প্রাধিকার প্রাপ্ত শিক্ষকের (শিক্ষক ব্যতিত অফিস সহকারী অথবা অন্য কারও নিকট একাডেমিক ট্রান্সক্রিপ্ট প্রদান করা হবে না) মাধ্যমে উল্লিখিত তারিখে অফিস চলাকালীন সময়ে মাধ্যমিক পরীক্ষা শাখা থেকে তাঁর বিদ্যালয়ের একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক/অধ্যক্ষ নিজের বা তাঁর প্রেরিত প্রতিনিধির বেলায় অর্থাৎ উভয় ক্ষেত্রেই সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে বিদ্যমান ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সিদ্ধান্তের কপি অথবা একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণের জন্য আবেদনের উপর বিদ্যমান ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির চেয়ারম্যান অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষর অবশ্যই আনতে হবে। অন্যথায় একাডেমিক ট্রান্সক্রিপ্ট প্রদান করা সম্ভব হবে না। একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণের পর কোন প্রকার ভুলত্রুটি পরিলক্ষিত হলে ০৭ (সাত) দিনের মধ্যে মাধ্যমিক পরীক্ষা শাখা থেকে সংশোধন করে নিতে হবে।

স্বাক্ষরিত

তপন কুমার সরকার

পরীক্ষা নিয়ন্ত্রক(ভারপ্রাপ্ত)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৬৯৮১৫

প্রাপক : ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।